

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

নং-বিএসইসি/প্রশাসন/১১:০৬/৯৪-১২৫৩

তারিখঃ ২৫/১১/২০২১

বিষয়: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)তে স্টেশনারি মালামাল সরবরাহের লক্ষ্যে কোটেশন আহ্বান।

১। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)তে স্টেশনারি মালামাল সরবরাহের লক্ষ্যে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব লেটার হেড প্যাডে নির্দেশক্রমে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

২। কোটেশনে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের মূল্য যদি গ্রহণ করা হয় তবে তা কার্যাদেশে উল্লেখ করা হবে এবং সে মোতাবেক বিল পরিশোধ করা হবে।

৩। কোটেশনে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে প্রদত্ত কোটেশনের ০১ কপি সীলগালাকৃত খামে বিজ্ঞপ্তি জারির তারিখ হতে আগামী ০৪/১২/২০২১ তারিখ বেলা ১২:০০ টা পর্যন্ত সময়ে বিএসইসি'তে রক্ষিত বক্সে ফেলতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোটেশন বাতিল বলে গণ্য হবে। কোটেশন সম্বলিত ইনভেলাপটির উপরে অবশ্যই “Supplying of stationery Goods” পরিষ্কারভাবে লিপিবদ্ধ করতে হবে।

৪। বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি, সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতার সনদ এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র সংযুক্ত করতে হবে এবং কোটেশন অবশ্যই প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধি দ্বারা সম্পাদিত ও সীলসহ স্বাক্ষরিত হতে হবে।

৫। প্রাপ্ত কোটেশন আগামী ০৪/১২/২০২১ তারিখ বেলা ১২:৩০ মিঃ সবার সামনে খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা সকল কোটেশন গ্রহণ কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

৬। কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে ০৩/১২/২০২১ তারিখ পর্যন্ত সংগ্রহ করা যাবে। অথবা বিএসইসির ওয়েবসাইট (www.sec.gov.bd) থেকেও কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল সংগ্রহ করা যাবে।

Masukor
25.11.2021

মোঃ মাসুকুর রহমান
সহকারী পরিচালক

ইমেইলঃ masukor@sec.gov.bd

বিতরণঃ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর নোটিশ বোর্ড।

অনুলিপিঃ

১. নির্বাহী পরিচালক(এমআইএস), বিএসইসি – বিজ্ঞপ্তিটি বিএসইসি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ;
২. পিস টু চেয়ারম্যান, বিএসইসি;
৩. পিও টু নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএসইসি।
৪. পিও টু পরিচালক (প্রশাসন), বিএসইসি।
৫. অফিস কপি।